

## সিপিজে'র সনদ পেল নজরুল বিশ্ববিদ্যালয়ের ১৫৮ শিক্ষার্থী

ইউএন ওমেন এর 'এমপাওয়ার্ড ওমেন, পিসফুল কমিউনিটিস' প্রকল্পের আওতায় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিস'র (সিপিজে) নারী উদ্যোক্তা প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারী জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের (জাককানইবি) ১৫৮ শিক্ষার্থীদের মাঝে সনদ বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার (১৯ ফেব্রুয়ারি) সকাল ১০টায় গাহি সাম্যের গান মঞ্চে সনদ বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নাজমুল আহসান কলিমুল্লাহ।

এছাড়াও অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন- বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মো. জালাল উদ্দিন, প্রকল্পের লোকাল ফ্যাসিলিটর বিশ্ববিদ্যালয়ের

লোকপ্রশাসন ও সরকার পরিচালন বিদ্যা বিভাগের প্রভাষক মো. অলিউল্লাহ, প্রকল্পের দায়িত্বে থাকা বিভিন্ন স্তরের কর্মকর্তাবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকমন্ডলী ও বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের নেতৃত্বে আসা শিক্ষকদের একটি প্রতিনিধি দল।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ১৫৮ জন ছাত্রী উদ্যোক্তা হওয়ার জ্ঞান এবং বিভিন্ন কৌশল অর্জনের ওপর এই প্রশিক্ষণের সুযোগ পেয়েছে। ময়মনসিংহের ব্র্যাক লার্নিং সেন্টারে সম্পন্ন প্রশিক্ষণে শিক্ষার্থীরা তাদের নিজেদের অভিজ্ঞতা, অর্জন ও ব্যর্থতাগুলোর পর্যালোচনাসহ কীভাবে একজন সামাজিক উদ্যোক্তা সকলের অংশগ্রহণ নিশ্চিত করে সমাজে শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠা করার সম্পর্কে জানতে পারে। পাশাপাশি সমাজের বিভিন্ন সমস্যা চিহ্নিত করে এবং সমাধানের জন্য সৃষ্টিশীল ও বাস্তবসম্মত প্রকল্প প্রস্তাবনা তৈরি করার প্রশিক্ষণ পায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরা।

কর্মশালায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ২৫টি টিম থেকে ২টি টিমের আইডিয়াকে সেরা আইডিয়া হিসেবে নির্বাচন করা হয়। নির্বাচিত দুইটি আইডিয়া উপস্থাপন করেন টিমের সদস্যরা।

উল্লেখ্য, গত ১২ আগস্ট ২০১৮ এ ব্র্যাক বিশ্ববিদ্যালয় ও জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের মধ্যে এই প্রকল্প বাস্তবায়নের জন্য সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়।